যদি তোমরা না জানো, তাহলে জ্ঞানীদেরকে জিজ্ঞাসা কর। (আন-নাহল-৪৩)

ফাতাওয়া বিভাগ, জামি'আ রাহমানিয়া আরাবিয়া
সাতমসজিদ, মুহাম্মাদপুর, ঢাকা-১২০৭। মোবা: ০১৭২৫-১১৬৮৩৩

Darul Ifta, Jami'a Rahmania Arabia
Satmasjid, Muhammadpur, Dhaka-1207. Mob: 01725-116833

বিসমিহী তা'আলা

## সৌদি সরকার কর্তৃক হাজী সাহেবদের কুরবানী করে দেয়া প্রসঙ্গে

হানাফী মাযহাবের অগ্রগণ্য মতানুসারে হজ্জে তামাত্তু ও কিরানে পাথর নিক্ষেপ, কুরবানী ও মাথা মুণ্ডানো এ তিনটি কাজের মধ্যে ধারাবাহিকতা বজায় রাখা ওয়াজিব এবং ধারাবাহিকতা ঠিক না রাখলে দম দিতে হয়। তবে ইমাম আবূ ইউসুফ রহ. ও ইমাম মুহাম্মাদ রহ. (সাহেবাইন রহ.) এর মতে এই ধারাবাহিকতা সুন্নাত, অর্থাৎ সম্ভাব্য ক্ষেত্রে বজায় রাখা উচিত। তবে কখনো ভঙ্গ হলে দম ওয়াজিব হবে না।(*সহীহ মুসলিম হাদীস নং:১৩০৫,মানাসিকে মুল্লা আলী ক্বারী পৃ.৩৫৮, জামিউস সগীর মাআ শরহিহী: ১/৪৭১,মাসআলা নং ২১৪, )*

সুতরাং বর্তমানে সৌদি সরকার কর্তৃক হাজীদের কুরবানী করে দেওয়ার উদ্ভূত নিয়মের দরুণ হানাফী মাযহাবের হাজী সাহেবদের উপরোক্ত ধারাবাহিকতা ক্ষুন্ন হওয়ার আশংকা থাকলেও অপারগতাবশত আবূ ইউসুফ রহ. ও মুহাম্মাদ রহ. এর মতানুযায়ী হাজী সাহেবদের হজ্ব ত্রুটিমুক্ত গণ্য হবে।

তথাপি সতর্কতাবশত যথাসম্ভব কুরবানীর জন্য প্রতিশ্রুত সময় থেকে ২/৩ ঘন্টা দেরী করে চুল কাটার চেষ্টা করা এবং উল্লিখিত আমলত্রয়ে ধারাবাহিকতা ক্ষুন্ন হওয়ার বিষয়টি নিশ্চিত হওয়ার ক্ষেত্রে আর্থিক সামর্থ থাকলে দম দিয়ে দেওয়া ভালো। যাতে করে হানাফী মাযহাবের অগ্রগণ্য মতানুসারেও তার হজ্ব ত্রুটিমুক্ত হয়ে যায়। (*গুনয়াতুন নাসেক,পৃ:৩৭৫, ফাতাওয়ায়ে শামী ২/৫৫৭, বাহরুর রায়েক৩/৪০ ফাতাওয়া দারুল উলূম যাকারিয়্যা ৩/৪৪৭, নুজামুল ফাতাওয়া ৩/৬১০, কিতাবুন নাওয়াযেল৭/৫৫৭)*

আল্লাহ তা'আলা সকল হাজী সাহেবের হজ কবুল করুন এবং তাদের ইবাদতসমূহ সহজ করে দিন। আমীন।

মুফতী সাঈদ আহমাদ
মুফতী
জামি'আ রাহমানিয়া আরাবিয়া

মুফতী মনসূরুল হক
প্রধান মুফতী
জামি'আ রাহমানিয়া আরাবিয়া